শিশুদের জন্য বাইবেল
নিবেদন করছে

প্রভু যীশুর জন্ম

Written by: Edward Hughes

Illustrated by: M. Maillot

Adapted by: E. Frischbutter; Sarah S.

Translated by: Shankar Sikder

প্রযোজনায়: শিশুদের জন্য বাইবেল
www.M1914.org

©2009 Bible for Children, Inc
স্বত্তাধিকার:গল্পটির অনুলিপি বা প্রিন্ট ব্যবহার করা যাবে তবে বিক্রয় করা যাবেনা।

অনেকদিন আগে সদাপ্রভু তাঁর দূত গাব্রিয়েলকে সুন্দরী যিহুদী কুমারী মরিয়মের নিকট পাঠালেন। তিনি তাঁকে বললেন, “তোমার একটি পুত্র সন্তান হবে, আর তুমি তাঁর নাম রাখবে যীশু।



তাঁকে স্বর্গের রাজা বলে ডাকা
হবে। তিনি আজীবন
রাজত্ব করবেন।”

“এটা কি করে সম্ভব?” কুমারী কন্যাটি আশ্চর্য হয়ে জানতে চাইল। “আমি তো কোন পুরুষ মানুষের সংগে থাকিনি।” স্বর্গদূত কুমারী মরিয়মকে আশ্বস্ত করলেন যে, এই সন্তান স্বয়ং ঈশ্বরের কাছ থেকে আসবে। জগতের কোন মানুষ তাঁর জন্মদাতা নয়।

স্বর্গদূত কুমারী মরিয়মকে আরো বললেন যে, তাঁর আত্মীয়া ইলীশাবেথ বৃদ্ধ বয়সে একটি সন্তান লাভ করেছিলেন। এটাও একটি আশ্চর্য বিষয় ছিল। সাথে সাথেই মরিয়ম ইলীশাবেথের সাথে দেখা করতে গেলেন। তাঁরা উভয়েই ঈশ্বরের প্রশংসা করতে লাগলেন।

যোষেফ নামের একটি পুরুষের সংগে মরিয়মের বাগদান হয়েছিল। মরিয়মের গর্ভে সন্তানের কথা কথা জেনে যোষেফ মর্মাহত হলেন। তিনি ভাবলেন হয়তো অন্য কোন পুরুষ সেই সন্তানের বাবা হবে।

ঈশ্বরের দূত স্বপ্নে যোষেফকে বললেন এই সন্তান স্বয়ং ঈশ্বর হতে জাত। যীশুর যত্ন নেওয়ার জন্য মরিয়মকে যোষেফ সাহায্য করলেন।

যোষেফ ঈশ্বরের কথায় বিশ্বাস করলেন এবং বাধ্য
হলেন। তিনি তাঁর দেশের নিয়ম-কানুনের
প্রতিও বাধ্য ছিলেন। নতুন নিয়মানুসারে, তিনি
এবং মরিয়ম
কর
প্রদানের জন্য
বেথলেহম শহর
থেকে তাঁদের নিজ গ্রামের উদ্দেশ্যে যাত্রা করেছিলেন।

মরিয়মের সন্তান হবার সময় হলো। কিন্তু যোষেফ তাঁর জন্য কোন স্থান খুঁজে পেলেন না। সমস্ত সরাইখানা পরিপূর্ণ ছিল।

অবশেষে যোষেফ একটি গোয়ালঘর খুঁজে পেলেন। সেখানেই শিশু যীশুর জন্ম হলো। তাঁর মা তাঁকে একটি যাবপাত্রে শোয়ালেন যেখানে পোষাপ্রাণীর খাবার রাখা হতো।

পাশে রাখালগণ তাদের ঘুমন্ত মেষদের পাহারায় রত ছিল। স্বর্গদূত এসে তাদের দেখা দিলেন এবং এই আনন্দের সংবাদ দিলেন।

“অদ্য দায়ুদ নগরে এক ত্রান কর্তা জন্মেছেন, যার নাম খ্রীষ্ট। তোমরা শিশুটিকে যাবপত্রে শোয়ানো অবস্থায় দেখবে।”

হঠাৎ অনেক স্বর্গদূত দেখা দিলেন, তাঁরা এই বলে ঈশ্বরের গৌরব করলেন, “স্বর্গে ঈশ্বরের গৌরব ও পৃথিবীতে মনুষ্যেদের মধ্যে শান্তি বিরাজিত হোক।”

রাখালেরা গোয়ালঘরের সন্ধানে ছুটে গেল।
শিশুটিকে দেখার পর তারা প্রত্যেককে বলতে
লাগল স্বর্গদূত যে যীশুর কথা বলেছেন তারা
সেই যীশুর সাক্ষাৎ পেয়েছে।

আটদিন পরে, যোষেফ এবং মরিয়ম
যীশুকে যেরুশালেমের মন্দিরে
নিয়ে আসলেন। সেখানে
শিমিয়োন নামে এক
লোক সেই শিশুর
জন্য ঈশ্বরের প্রশংসা
করলেন, যখন হান্না
নামের প্রভুর এক
সেবিকাও ঈশ্বরের
ধন্যবাদ করেন। তাঁরা
উভয়ে জানতেন যে, ...

... যীশুই হচ্ছেন ঈশ্বরের প্রতিজ্ঞাত পুত্র ও ত্রানকর্তা। যোষেফ দুটো পাখি উৎসর্গ করলেন। এটাই ছিল উপহারের নিয়ম। ঈশ্বরের বিধান মতে যখন কোন নতুন সন্ড়ানকে প্রভুর উদ্দ্যেশ্যে নিবেদন করা হতো তখন প্রত্যেক লোকের কিছু না কিছু উপহার দিতে হতো।

কিছু সময় পরে একটি বিশেষ তারা পন্ডিতগণকে পথ দেখিয়ে পূর্বদেশ থেকে যেরুশালেমে নিয়ে আসল।
“যিহুদীদের যে রাজা জন্মেছেন তিনি এখন কোথায়?” তাঁরা জানতে চাইলেন। “আমরা তাঁর আরাধনা করতে চাই।”

রাজা হেরোদ পন্ডিতদের সম্পর্কে শুনলেন। তিনি বিরক্ত হয়ে তাঁদেরকে যীশুর খোঁজ পাওয়ামাত্র জানাতে বললেন। হেরোদ বললেন, “আমিও তাঁর আরাধনা করব।” আসলে তিনি মিথ্যা বলছিলেন। হেরোদ যীশুকে খুন করতে চেয়েছিলেন।

তারাটি পন্ডিতগণকে সেই বাড়ীতেই নিয়ে আসতে
সাহায্য করল যেখানে যোষেফ এবং
মরিয়ম ছোট্ট শিশু যীশুকে নিয়ে
অবস্থান করছিলেন। জানুপেতে
আরাধনা করে
পন্ডিতগণ যীশুকে
মহামূল্যবান স্বর্ণ ও
গন্ধরস উপহার
দিলেন।

ঈশ্বর পন্ডিতগণকে সাবধান করে দিলেন যেন তারা গোপনে বাড়ী ফিরে যায়। হোরোদ ছিল ভয়ংকর। যীশুকে হত্যার সংকল্প করে এই দুষ্ট রাজা বেথলেহেমের সমস্ড়

শিশুকে হত্যা করলেন।

কিন্তু হেরোদ ঈশ্বর পুত্রের
কোন ক্ষতি করতে পারলেন
না! স্বপ্নে সাবধান করা হলো
যেন যোষেফ মরিয়মকে ও
যীশুকে নিয়ে নিরাপদে
মিসরে পালিয়ে যান।

হেরোদের মৃত্যুর পর
মরিয়ম এবং যীশুকে
নিয়ে যোষেফ মিসর
থেকে

ফিরে আসলেন। তাঁরা
গালীল সাগরের তীরে নাসরত
নামে একটি নগরে বাস করতে লাগলেন।

প্রভু যীশুর জন্ম

ঈশ্বরের বাক্য থেকে বাইবেলের গল্প, বাইবেল,

যেখানে পাওয়া যায়

মথি ১-২, লূক ১-২

তোমার বাক্য প্রকাশিত হলে তা আলো দান করে
গীতসংহিতা ১১৯ : ১৩০

সমাপ্ত

বাইবেলের এই গল্প মহান ঈশ্বর সম্পর্কে আমাদের শিক্ষা দেয় যিনি আমাদের নির্মান করেছেন এবং তিনি চান যেন আপনি তাঁর সম্পর্কে জানেন।

ঈশ্বর জানেন আমরা মন্দ কাজ করেছি, যাকে তিনি পাপ বলেন। পাপের শাস্তি হচ্ছে মৃত্যু, কিন্তু ঈশ্বর আমাদের এতই ভাল বাসলেন যে তিনি তাঁর একমাত্র পুত্র যীশুকে পাঠালেন যেন আমাদের পাপের শাস্তিস্বরূপ তিনি ক্রুশে মৃত্যুবরন করেন। এর পর যীশু মৃত্যু থেকে জীবিত হলেন এবং স্বর্গে চলে গেলেন। যদি আপনি যীশুকে বিশ্বাস করেন এবং আপনার পাপের জন্য তাঁর কাছে ক্ষমা চান, তাহলে তিনি ক্ষমা করবেন। তিনি আসবেন এবং আপনার অন্তরে বাস করবেন, এবং আপনিও তাঁর সংগে অনন্তকাল ধরে থাকবেন।

আপনি যদি এই সত্যকে বিশ্বাস করেন, তাহলে ঈশ্বরের উদ্দেশ্যে এই কথাগুলো বলুন:

প্রিয় যীশু, আমি বিশ্বাস করি যে তুমি আমার প্রভু, এবং আমার পাপের জন্য তুমি মানুষ হয়ে জন্মেছিলে, আর এখন তুমি আবার জীবিত হয়ে উঠেছো। দয়াকরে আমার জীবনে এসো এবং আমার পাপ ক্ষমা করো, যাতে আমি নতুন জীবন পেতে পারি, এবং তোমার সংগে যেন অনন্তকাল ধরে থাকতে পারি। আমাকে সাহায্য কর যেন তোমার সন্তান হিসাবে তোমার বাধ্য থাকতে পারি এবং তোমার জন্য বেঁচে থাকতে পারি। আমেন।

বাইবেল পড়ুন এবং প্রতিদিন ঈশ্বরের সংগে কথা বলুন!

যোহন ৩:১৬